

Visit of Vice President of India to Cambodia (11-13

November 2022)

November 07, 2022

ভারতের উপ রাষ্ট্রপতির কম্বোডিয়া সফর (11-13 নভেম্বর 2022)

নভেম্বর 07, 2022

1. ভারতের সম্মানীয় উপ রাষ্ট্রপতি, শ্রী জগদীপ ধনকর আসিয়ান-ভারত স্মারক সম্মেলন এবং 17তম পূর্ব এশিয়া শীর্ষ সম্মেলনে যোগদান করার জন্য 11-13ই নভেম্বর 2022 তারিখে কম্বোডিয়া সফর করবেন। আসিয়ানের বর্তমান সভাপতি হিসেবে কম্বোডিয়া এই শীর্ষ সম্মেলনের আয়োজন করেছে। বিদেশমন্ত্রী ডঃ এস.জয়শংকর উপরাষ্ট্রপতির সফর সঙ্গী হবেন।
2. উপরাষ্ট্রপতি 12ই নভেম্বর 2022 তারিখে নম পেন-এ আসিয়ান-ভারত স্মারক সম্মেলনে যোগদান করবেন। এই বছরটি আসিয়ান-ভারত সম্পর্কের 30তম পূর্তির বছর এবং আসিয়ান-ভারত বন্ধুত্বের বছর হিসেবে পালিত হচ্ছে।
3. উপরাষ্ট্রপতি 13ই নভেম্বর 2022 তারিখে 17তম পূর্ব এশিয়া শীর্ষ সম্মেলনে অংশগ্রহণ করবেন যা আসিয়ানের দশটি সদস্য দেশ (যেমন;ব্রুনেই দারউসসালাম, কম্বোডিয়া, ইন্দোনেশিয়া, লাও পিডিআর। মালয়েশিয়া, মায়ানমার, সিঙ্গাপুর, থাইল্যান্ড, দ্য ফিলিপাইন এবং ভিয়েতনাম) এবং এর আটটি সংলাপ শরিক- ভারত, চীন, জাপান, কোরিয়া প্রজাতন্ত্র, অস্ট্রেলিয়া, নিউজিল্যান্ড, মার্কিন যুক্তরাষ্ট্র এবং রাশিয়া নিয়ে গঠিত।
4. উপরাষ্ট্রপতি তার সফরকালে কম্বোডিয়ার নেতৃস্ববৃন্দের সাথেও দ্বিপাক্ষিক আলাপ আলোচনা করবেন। এর পাশাপাশি শীর্ষ সম্মেলনের ফাঁকে তিনি অন্যান্য দেশের নেতাদের সাথেও দ্বিপাক্ষিক বৈঠক করবেন।
5. নম পেন থেকে ফেরার পথে উপরাষ্ট্রপতি ভারত দ্বারা কৃত কম্বোডিয়ার ঐতিহ্যবাহী স্থান গুলির সংরক্ষণ ও পুনরুদ্ধারের কাজের পর্যালোচনা করার জন্য সিয়েম রীপও পরিদর্শন করবেন।

নিউ দিল্লি

নভেম্বর 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.